

## **া** লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২৪৮. প্রভুর বিরুদ্ধে অভিযোগ করবেন না

অল্পে তুষ্ট হয়ে তাদের মতো হওয়া থেকে বাঁচা যায় যারা বিধান ও শাসনের ব্যাপারে তাদের প্রভুর বিরুদ্ধে অভিযোগ করে। এ কথা বুঝতে হলে ইবলীসের ঘটনার দিকে দৃষ্টি দেয়া প্রয়োজন। সে তার প্রভুর সাথে তর্ক করেছিল, কারণ সে তার বিধান ও শাসনের প্রতি অসম্ভুষ্ট হয়েছিল। যারা আল্লাহর প্রতি বিশ্বাস করতে অস্বীকার করে, তারা এমনটা শুধু এ কারণেই করে যে তারা তার নিকট আত্মসমর্পণের পরিবর্তে তারা তার শক্তি ও ক্ষমতার ব্যাপারে তাকে চ্যালেঞ্জ করতে চায়, তখন তারা তার আদেশসমূহকে পরিত্যাগ করে, যা হারাম তা করে এবং অসন্তোষ প্রকাশ করে তার স্বর্গীয় বিধানকে চ্যালেঞ্জ করে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7756

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন